PG Odd Semester (CBCS) Exam., December—2016

BENGALI

(1st Semester)

Course No. : BNGCC–104

(প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা' নামক গ্রন্থে চর্যাপদের সঙ্গে বাকি যে পুস্তকগুলি সংকলিত হয়েছিল, সেগুলির নাম লেখো। চর্যার ভাষাকে সন্ধ্যাভাষা বলবার কারণ কী? সহজিয়া বৌদ্ধ সাধকদের কাব্যচর্চায় নিয়োজিত হবার সামাজিক-ঐতিহাসিক প্রেক্ষিত বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৩+৩+৮=১৪

২। কে প্রথম কোথায়, কবে 'চর্যগীতিকোষবৃত্তি' পুঁথিটির সন্ধান পেয়েছিলেন? চর্যাগানগুলির 'বৃত্তি' বা টীকা সংস্কৃত ভাষায় কে রচনা করেছিলেন? "কাহ্নপা'র নামে প্রাপ্ত কবিতাগুলি সাধন প্রকরণ এবং কবিত্বের যুগলবন্দি।" অন্তত তিনটি কবিতা অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৩+১+১০=১৪

খ—গুচ্ছ

৩। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কোথা থেকে, কে, কবে আবিষ্কার করেন? "একদিকে পৌরাণিক ঐতিহ্য অন্যদিকে লৌকিক ঐতিহ্যের অপূর্ব সমন্বয় ঘটেছে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে।" পর্যালোচনা করো। ৩+১১=১৪

৪। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কবে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়? এই কাব্যের কোন্ খণ্ডটিকে প্রক্ষিপ্ত বলা হয়? " 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে রাধা প্রথমে কৃষ্ণ-বিরাগিণী, শেষে কৃষ্ণ অনুরাগিণী হয়ে ওঠেন।" মন্তব্যটি বিশদ করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। বৈষ্ণব পদাবলী বলতে কী বোঝ? "বৈষ্ণবীয় গীতিকবিতা বৈষ্ণবধর্মের উপর সম্পূর্ণ নির্ভরশীল বলেই গীতিকবিতার সঙ্গে এর চরিত্রগত ভিন্নতা রয়েছে। তবে অন্তিম বিচারে পরমাত্মার সঙ্গে জীবাত্মার মিলনই বৈষ্ণবীয় গীতিকবিতার মূল সুর।" মন্তব্যটি পর্যালোচনা করো। ২+১২=১৪

৬। বৈষ্ণব পদাবলীর মূল রস কোনটি এবং কেন? পূর্বরাগের সংজ্ঞা ও স্বরূপ বিশ্লেষণ করে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কাব্যকৃতির পরিচয় দাও। ১+৩+১০=১৪

ঘ—গুচ্ছ

৭। চৈতন্যকে নিয়ে কে প্রথম বাংলায় সাহিত্যচর্চার সূত্রপাত করেন? 'চৈতন্যভাগবত' গ্রন্থের আদিখণ্ডে কয়টি অধ্যায়? ''তাঁকে ঘিরেই বাঙালির নবীন জীবন জেগেছে, ঘরমুখো বাঙালি ঘরছাড়া হয়েছে, বঙ্গ, বৃহৎ বঙ্গে পরিণত হয়েছে। বঙ্গ সংস্কৃতি ভারত সংস্কৃতিতে মিশেছে।'' 'চৈতন্যভাগবত (আদিখণ্ড)' অবলম্বনে চৈতন্য সম্বন্ধে মন্তব্যটি বিশদ করো। ১+২+১১=১৪

৮। ইউসুফ-জোলেখার কাহিনি বর্ণিত হয়েছে এমন দুটি ধর্মগ্রন্থের নাম লেখো। 'ইউসুফ-জোলেখা' কোন্ সময়ের রচনা? কাব্যটির মূল বৈশিষ্ট্য উল্লেখ করে এর কাল নির্ণয় নিয়ে বিস্তারিত আলোচনা করো। ২+১+১১=১৪

ঙ—গুচ্ছ

৯। মুকুন্দ চক্রবর্তীর পিতার নাম কী? 'চণ্ডীমঙ্গল' কাব্যের দুজন সম্পাদকের নাম উল্লেখ করো। '' 'চণ্ডীমঙ্গল' কাব্যটি যথার্থ অর্থেই ষোড়শ শতাব্দীর সমাজদর্পণ।'' মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১+২+১১=১৪

১০। মুকুন্দ চক্রবর্তীর পূর্বপুরুষের আদি নিবাস কোথায় ছিল? দেবী চণ্ডীর উল্লেখ রয়েছে এমন দুটি পুরাণের নামোল্লেখ করো। 'চণ্ডীমঙ্গল' কাব্যে কবির ইতিহাসচেতনা ও কালচেতনার যে পরিচয় পাওয়া যায় সে বিষয়ে উদাহরণসহ আলোচনা করো। ১+২+১১=১৪

★★★